জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়
ঢাকা।
www.jb.com.bd

রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
ফোন: ৫৫১১০০৩৭

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১৪০৬/২৬

তারিখ: ১০ জুন ২০২৬ ইং
২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ বাং

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

**বিষয়: <u>ঋণ ও অগ্রিমের সুদহার পুনঃনির্ধারণ</u>।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জারিকৃত নির্দেশ বিজ্ঞপ্তি ১২৬৩/২০২৪ তারিখ: ২ জুন ২০২৪-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ কর্তৃক বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১৭ তারিখ: ১৩ মে ২০২৬-এর মাধ্যমে বিদ্যমান দন্ড সুদের হার সর্বোচ্চ ১.৫% এর পরিবর্তে ০.৫০% পুনঃনির্ধারণ করত: তা অবিলম্বে কার্যকরের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ অবস্থায় দন্ড সুদহার আরোপ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা পরিপালন করার নিমিত্ত নির্দেশ বিজ্ঞপ্তি ১২৬৩/২০২৪ তারিখ: ২ জুন ২০২৪-এর পরিশিষ্ট-১-এর অনুসরণীয় শর্তাবলীর 'গ' অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

গ. কোনো ঋণ অথবা ঋণের কিস্তি সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ (Overdue) হিসেবে চিহ্নিত হলে যে সময়ের জন্য মেয়াদোত্তীর্ণ হবে, উক্ত সময়ে চলমান ঋণ/তলবী ঋণের ক্ষেত্রে সম্পূর্ণ ঋণস্থিতির ওপর এবং মেয়াদি ঋণের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ কিস্তির ওপর ০.৫০% দন্ড সুদ আরোপ করতে হবে। অর্থাৎ:-

- চলমান ঋণসমূহ (সিএল-২ এ প্রদর্শিত) মেয়াদ উত্তীর্ণের পরের দিন হতে নির্দেশ বিজ্ঞপ্তিতে বর্ণিত সুদহারের পাশাপাশি সম্পূর্ণ ঋণস্থিতির ওপর আরো ০.৫০% দন্ড সুদ আরোপ করে আদায় করতে হবে।
- তলবী ঋণসমূহ (সিএল-৩ এ প্রদর্শিত) মেয়াদ উত্তীর্ণের পরের দিন হতে নির্দেশ বিজ্ঞপ্তিতে বর্ণিত সুদহারের পাশাপাশি সম্পূর্ণ ঋণস্থিতির ওপর আরো ০.৫০% দন্ড সুদ আরোপ করে আদায় করতে হবে।
- মেয়াদী ও অন্যান্য ঋণসমূহ (সিএল-৪ ও ৫ এ প্রদর্শিত) মেয়াদ উত্তীর্ণের পরের দিন হতে নির্দেশ বিজ্ঞপ্তিতে বর্ণিত সুদ হারের পাশাপাশি মেয়াদোত্তীর্ণ কিস্তির/অর্থের ওপর আরো ০.৫০% দন্ড সুদ আরোপ করে আদায় করতে হবে।

বর্ণিত দন্ড সুদহার ১৩ মে ২০২৬ তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,

সঞ্জয় কুমার সরদার
উপমহাব্যবস্থাপক

মোহাম্মদ সাকায়েত হোসেন
মহাব্যবস্থাপক